

আল-কারি'আ | Al-Qari'a | الْقَارِعَةُ

আয়াতঃ ১০১ : ৯

আরবি মূল আয়াত:

فَأَمَّهُ هَاوِيَةٌ ۚ ﴿٩﴾

অনুবাদসমূহ:

তার আবাস হবে হাবিয়া। — আল-বায়ান

(জাহান্নামের) অতলস্পর্শী গর্তই হবে তার বাসস্থান। — তাইসিরুল

তার স্থান হবে হা'বিয়াহ। — মুজিবুর রহমান

His refuge will be an abyss. — Sahih International

৯. তার স্থান হবে 'হাওয়িয়াহ'(১)

(১) মূল আরবী শব্দে هَاوِيَةٌ বলা হয়েছে। هَاوِيَةٌ শব্দের অর্থ স্থান বা ঠিকানাও হয়, যেমনটি উপরে অর্থের মধ্যে উল্লেখ করা হয়েছে। তাছাড়া আয়াতের আরেক অর্থ হলো, সে জাহান্নামের আগুনে অধোমুখে মাথার মগজসহ পতিত হবে। তাছাড়া যদি هَاوِيَةٌ শব্দটির বিখ্যাত অর্থ গ্রহণ করা হয় তাহলে তার অর্থ হবে, মা। সে হিসেবে আয়াতের অর্থ হচ্ছে, তার মা হবে জাহান্নাম। মায়ের কোল যেমন শিশুর অবস্থান হয় তেমনি জাহান্নামবাসীদের জন্য জাহান্নাম ছাড়া আর কোন অবস্থান হবে না। আয়াতে উল্লেখিত 'হাওয়িয়াহ' শব্দটি জাহান্নামের একটি নাম। শব্দটি এসেছে 'হাওয়া' থেকে। এর অর্থ হচ্ছে উঁচু জায়গা থেকে নীচুতে পড়ে যাওয়া। আর যে গভীর গর্তে কোন জিনিস পড়ে যায় তাকে হাওয়িয়া বলে। জাহান্নামকে হাওয়িয়া বলার কারণ হচ্ছে এই যে, জাহান্নাম হবে অত্যন্ত গভীর এবং জাহান্নামবাসীদেরকে তার মধ্যে ওপর থেকে নিক্ষেপ করা হবে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

৯। তার স্থান হবে হাবিয়াহ। [1]

[1] هَاوِيَةٌ জাহান্নামের একটি নাম। তাকে হাবিয়াহ এই জন্য বলা হয় যে, জাহান্নামী তার গভীর গর্তে গিয়ে পড়বে। স্থান বুঝাতে هَاوِيَةٌ (মা) শব্দ এ জন্য ব্যবহার করা হয়েছে যে, যেমন মানুষের জন্য 'মা' আশ্রয়স্থল হয়, তেমনি জাহান্নামীদের আশ্রয়স্থল হবে জাহান্নাম। কোন কোন আলেম বলেন, এখানে 'উম্ম' (মা) অর্থ হল দেমাগ বা মস্তিষ্ক। যেহেতু জাহান্নামী তার মাথার উপর ভর করে হাবিয়াহ দোষখে নিক্ষিপ্ত হবে। (ইবনে কাসীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6166>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন